

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

নাটোর।

www.fisheries.natore.gov.bd

নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৩৯২

তারিখ: ৪ কার্তিক ১৪২৯

২০ অক্টোবর ২০২২

প্রাপক:

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।

বিষয়: প্রতি ত্রৈমাসিকে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রীপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর আওতায় প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্ম পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩এর ১.৪ অনুচ্ছেদ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসিকে সকল দপ্তরের অফিস প্রধানগণকে স্ব স্ব ওয়েবপোর্টালের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।

২। হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা মূল্য, সেবা প্রদানের সময় সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/ কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগের নম্বরসহ সকল বিষয় হালনাগাদ করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। এমতাবস্থায়, প্রথম ত্রৈমাসিকের ন্যায় ২য় ত্রৈমাসিকেও স্ব স্ব ওয়েবপোর্টালে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

২০-১০-২০২২

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর

ফোন: ০২৫৮৮৮৭২৫৯০

ইমেইল:

dfonatore@fisheries.gov.bd

নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৩৯২/১(২)

তারিখ: ৪ কার্তিক ১৪২৯

২০ অক্টোবর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ২) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।



২০-১০-২০২২

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর